


প্রবল উদ্যম, কর্ম কৌশল ও প্রজ্ঞাকে কাজে লাগিয়ে মানুষ পাঁচ দিতে পারে তার ভাগ্য। পাঁচ দিতে পারে তার সমাজ ও রাষ্ট্রের আর্থিক বুনয়াদ। উইলিয়াম এইচ গেটস থ্রি, ওয়ারেন বাফে, কার্ল ও থিও অ্যালবার্থ, জিম সি ওয়ালটন এমনই পথিকৃৎ। যারা তাদের কর্মোদ্যোগ ও প্রজ্ঞাকে কাজে লাগিয়ে গড়ে তুলেছে ব্যবসা প্রতিষ্ঠান। ছোট সেই ব্যবসা প্রতিষ্ঠান ঘাত-প্রতিঘাতের মধ্য দিয়ে শুধু এগিয়ে গেছে। তারা হয়ে উঠেছে বিশ্বের সবচেয়ে ধনাঢ্য লোক। ক্ষমতা ও প্রতিপত্তির মালিক।

বিশ্বের সবচেয়ে সম্পদশালী প্রযুক্তি জাদুকর উইলিয়াম এইচ গেটস থ্রি। এ মুহূর্তে তিনি যদি উইন্ডোজ অপারেটিং সিস্টেম বন্ধ করে দেন তাহলে ক্ষতির পরিমাণ দাঁড়াবে কয়েক বিলিয়ন ডলার। ব্যাংক থেকে শুরু করে খাবার দোকান পর্যন্ত ব্যবসা বন্ধ হয়ে যাবার উপক্রম হবে। তিনি আজ বিশাল জনগোষ্ঠীর ভাগ্য নিয়ন্ত্রক। অথচ শুরুটা ছিল তার খুবই প্রতিকূল পরিবেশে। দুই বছর হাড়ভাঙা পরিশ্রম করে তিনি তৈরি করলেন উইন্ডোজ। বিলের পরিকল্পনা বাজারে উইন্ডোজ ছাড়া। বিনিয়োগকারী পেলেন না বিল। দমে গেলেন না তিনি। অংশীদারিত্বের ভিত্তিতে তার কোম্পানির যাত্রা শুরু হয়। প্রজেক্ট চালু হবার পর যতোটা সম্ভব অংশীদারিত্ব কিনে নেন। এখন বিল বিলিয়ন বিলিয়ন ডলারের মালিক। এমনিভাবে ছাত্র জীবনে ওয়ারেন বাফের যাত্রা। তার বিনিয়োগ ব্যবসা এখন ফুলে-ফেঁপে উঠছে। তিনি বিশ্বের দ্বিতীয় ধনকুবের। একশ' বিলিয়ন ডলার সম্পদের মালিক তিনি। আজ ব্যবসা চলে আসছে প্রযুক্তিবিদ ও উদ্ভাবনী শক্তির কাছে।



প্রযুক্তি ও ব্যবসার উদ্ভাবন কৌশল এশিয়ার সম্পদশালী দেশগুলোর ধনী ব্যক্তিদের ঠেলে দিয়েছে। ছিটকে পড়ছে আরবের ধনাঢ্যরা। এ স্থান দখল করে নিচ্ছে প্রযুক্তিতে উন্নত দেশগুলোর সৃজনশীল ব্যবসায়ীরা। আজ বিশ্বের ধনীদের তালিকায় এশিয়ার দেশ জাপান, দক্ষিণ কোরিয়ার একক আধিপত্য ক্ষুণ্ণ হচ্ছে। পাশে এসে দাঁড়াচ্ছে আমাদের পার্শ্ববর্তী রাষ্ট্র ভারতের প্রযুক্তি ব্যবসায়ীরা। অথচ আমরা যেন ক্রমেই পিছিয়ে পড়ছি।

আমাদের দেশের ব্যবসায়ীরা যেন স্বচ্ছতায় বিশ্বাসী নয়। ট্যান্ডর ফাঁকি দিতে ব্যবসার অবস্থা ভালো হলেও দেখান খারাপ। রাজনৈতিক ছত্রছায়ায় ক্ষমতার অপব্যবহার করে তড়িঘড়ি লাভবান হতে চান। সাময়িক লাভবান হলেও দীর্ঘমেয়াদি পথযাত্রায় তারা নানা সমস্যায় পড়েন। অনৈতিক পথযাত্রায় ব্যবসার অগ্রগতি থমকে দাঁড়ায়।

তবে আশার কথা, আমাদের দেশের তরুণ সমাজের অনেকে নিজের উদ্ভাবনী কৌশল ও কর্মোদ্যোগকে কাজে লাগিয়ে গড়ে তুলছেন ব্যবসা প্রতিষ্ঠান। চালাচ্ছেন প্রযুক্তিনির্ভর কার্যক্রম। অনুকূল পরিবেশ পেলে স্বচ্ছতার মধ্য দিয়েও আগামীতে আমাদের তরুণরাও হয়ে উঠতে পারে একজন ধনকুবের। এর জন্য প্রয়োজন রাষ্ট্র ও সমাজে তাদের জন্য অনুকূল পরিবেশ বিনির্মাণ করা।